



ভোটাধিকার ও মানবাধিকারে তরুণদের লড়াই দরকার: রাশেদ খাঁন



সংগৃহীত ছবি

গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খাঁন বলেছেন, রাষ্ট্র সংস্কার, গণহত্যার বিচার ও সুষ্ঠু নির্বাচনের জন্য তরুণ নেতৃত্বকে এগিয়ে আসতে হবে। তিনি মনে করেন, জুলাইয়ের গণ-অভ্যুত্থান নতুন বাংলাদেশ গঠনের সুযোগ এনে দিয়েছে, যা কাজে লাগাতে তরুণদের জনগণের আস্থা অর্জন করতে হবে। গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খাঁন বলেছেন, রাষ্ট্র সংস্কার, ন্যায়বিচার প্রতিষ্ঠা ও সুষ্ঠু নির্বাচনের জন্য তরুণদের অগ্রণী ভূমিকা অপরিহার্য। তরুণদের সক্রিয় অংশগ্রহণ ছাড়া দেশকে এগিয়ে নেওয়া সম্ভব নয়।

বৃহস্পতিবার (২ অক্টোবর) সন্ধ্যায় বিনাইদহ সদর উপজেলার বিভিন্ন এলাকায় গণসংযোগকালে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, জুলাই মাসের গণ-অভ্যুত্থান বাংলাদেশের জন্য এক নতুন অধ্যায় সূচনা করেছে। এই সুযোগকে কাজে লাগিয়ে তরুণ নেতৃত্বকে মানুষের কাছে পৌঁছে দিতে হবে নতুন স্বপ্ন ও আশা। জনগণের ভোটাধিকার, মৌলিক মানবাধিকার ও স্বাধীনতার দাবিকে সামনে এনে তরুণদের দায়িত্ব নিতে হবে।

রাশেদ খাঁন আরও বলেন, গণঅধিকার পরিষদের তরুণ নেতার মাঠে নেমে মানুষের সঙ্গে কথা বলছেন, তাদের সমস্যার কথা জানছেন এবং নিজেদের লক্ষ্য ও আদর্শ ব্যাখ্যা করছেন। জনগণ তরুণ নেতৃত্বের প্রতি আস্থা রাখতে চায়।

তিনি অভিযোগ করেন, গত ১৬ বছরে সাধারণ মানুষের প্রত্যাশা পূরণে কোনো রাজনৈতিক শক্তি কার্যকর ভূমিকা রাখেনি। তবে যারা জুলাই গণ-অভ্যুত্থানে নেতৃত্ব দিয়েছেন, তারা জনআকাজ্জার ভিত্তিতে নতুন রাজনীতি প্রতিষ্ঠার জন্য কাজ করছেন।

এদিন বিকেল থেকে বিনাইদহ সদর উপজেলার বিভিন্ন এলাকায় গণসংযোগ ও সাধারণ মানুষের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন রাশেদ খাঁন। জেলা গণঅধিকার পরিষদের নেতাকর্মীরাও এ সময় তার সঙ্গে ছিলেন।